



DIRECTOR GENERAL
DIRECTORATE OF SECONDARY AND HIGHER EDUCATION
SHIKKHA BHABAN, ABDUL GANI ROAD,
BANGLADESH, DHAKA.

D.O.No. 22. 262

Dated, the 28 November 2022

সুপ্রিয় শিক্ষকবৃন্দ,

শুভেচ্ছা নিন।

বাংলাদেশের ইতিহাসে এই প্রথমবারের মতো শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে গত ২৭ অক্টোবর ২০২২ তারিখে অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে এবং উৎসবমুখর পরিবেশে বিশ্ব শিক্ষক দিবস ২০২২ উদযাপন করা হয়। এছাড়াও মন্ত্রণালয় দুটির আওতাধীন সকল দপ্তর, অধিদপ্তর, সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা ও শিক্ষকগণ কেন্দ্রীয় কর্মসূচির সাথে সমন্বয় করে সারাদেশে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করেন।

একটি সমৃদ্ধ জাতি ও রাষ্ট্র গঠনে শিক্ষকগণের ভূমিকাই সর্বাধিক। একজন শিক্ষকই শিক্ষার্থীকে মানবিকতা, নৈতিকতা, সহমর্মিতা, সহনশীলতা এবং মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে সাহায্য করেন। শিক্ষকগণের অধ্যাবসায় ও ত্যাগের কারণেই একটি মেধাবী ও সমৃদ্ধ প্রজন্ম গড়ে ওঠে যারা একটি উন্নত ও মানবিক রাষ্ট্র গঠনে অবদান রাখে। সমগ্র পৃথিবীতেই শিক্ষকতা একটি মহান পেশা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে ড. কুদরাত-এ-খুদা শিক্ষা কমিশন গঠনের মাধ্যমে শিক্ষার মানোন্নয়নে যে ভাবনা দিয়ে গেছেন এবং যাত্রা শুরু করে গেছেন তা পূরণে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিশ্রুতিবদ্ধ। দীর্ঘসময়ের পুঞ্জীভূত সমস্যাসমূহ খুব অল্প সময়ে সমাধান যদিও কষ্টসাধ্য এবং চ্যালেঞ্জিং তবুও মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে শিক্ষকগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। রাষ্ট্রের সার্বিক সক্ষমতা বৃদ্ধির সমান্তরালে শিক্ষকদের সম্মান ও ন্যায্য অধিকার নিশ্চিত হলেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত হবে।

প্রতি বছর যথাযোগ্য মর্যাদা ও আড়ম্বরপূর্ণভাবে শিক্ষক দিবস আয়োজন করা হলে শিক্ষকগণের মাঝে পারস্পারিক সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধি পাবে যা শিক্ষকদের একটি সুন্দর কর্মপরিবেশের জন্য সহায়ক হবে। প্রথম বারের মতো সারাদেশে জাতীয়ভাবে শিক্ষক দিবস পালনের যাত্রা শুরু হয়েছে, আগামীতে সুবিধাজনক একটি তারিখ নির্ধারণ করে আরো বড় পরিসরে দিবসটি উদযাপন করা হবে বলে আশা করছি। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রীর ২০৪১ এর উন্নত বাংলাদেশ গড়ার জন্য শিক্ষকরাই মূল কারিগর হিসেবে ভূমিকা রাখবে এই প্রত্যয় আমাদের সবার। পরিশেষে, রাজধানী ঢাকা, সকল বিভাগীয় শহর, জেলা ও উপজেলাসহ সারাদেশের সকল শিক্ষকগণের অক্লান্ত পরিশ্রম ও স্বতস্কৃত অংশগ্রহণ এর মাধ্যমে বিশ্ব শিক্ষক দিবস ২০২২ সফলভাবে উদযাপনের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনাদের সকলের সুস্বাস্থ্য ও মঞ্জল কামনা করছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।